বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৩০

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

বিষয়: বাপাউবো বেড়ীবাঁধের ঢালে এবং বরোপিট এলাকায় অব্যবহৃত জমিতে ফসলাদি/বৃক্ষরোপন কার্যক্রম পরিচালনা এবং ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা বাঁধের পার্শ্বের খাস জমি/ অধিগ্রহণকৃত অব্যবহৃত খাস জমির উন্নয়ন করে ব্যবহার উপযোগী করা প্রসঙ্গে।

সূত্র:
১) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন -১ শাখা এর স্মারক নং-৪২.০১.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪, তারিখঃ ১৪.০৬.২০২২খ্রিঃ।
২) প্রধান প্রকৌশলী, নকশা এর স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখঃ ২৮.০২.২০২২খ্রিঃ।
৩) প্রধান প্রকৌশলী, নকশা এর স্মারক নং-৪২১-প্রঃপ্রঃডি/সা-৫০০, তারিখঃ ০৭.০৭.২০২২খ্রিঃ।
৪) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৪৮, তারিখঃ ০১.০৮.২০২২খ্রিঃ।
৫) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬০, তারিখঃ ০৬.০৯.২০২২খ্রিঃ।
৬) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬৬, তারিখঃ ২১.০৯.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৩.০১.২০২৩খ্রিঃ সচিব পাসম মহোদয়ের সভাপতিত্বে বাপাউবো'র রাজশাহী জোনের ৩ (তিন) টি প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি মহোদয় চলমান বৈশ্বিক প্রেক্ষাপটে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বাপাউবো অব্যবহৃত জমিতে বিভিন্ন প্রজাতির ফসলাদি/বৃক্ষরোপনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সদয় নির্দেশনা প্রদান করেছেন। বাপাউবো'র বেড়ীবাঁধের ঢালে ফসলাদি/বৃক্ষরোপনের ক্ষেত্রে সূত্রস্থ ১, ২ ও ৩ নং স্মারকে (কপি সংযুক্ত) প্রদত্ত নির্দেশনাসমূহ অনুসরণ করে অব্যবহৃত জমিতে অধিক ফসল/শস্য উৎপাদনের উদ্যোগ গ্রহণ করতে হবে।

এখানে আরো উল্লেখ্য যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে সারাদেশব্যাপি বিভিন্ন নদ-নদীতে ড্রেজিং/পূনঃখনন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা বিভিন্ন জেলায় ভূমি পুনরুদ্ধার কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আপনার জোনে/চলমান প্রকল্প এলাকায় বেড়ীবাঁধের অধিগ্রহণকৃত/খাস জমিতে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (ড্রেজড ম্যাটেরিয়াল) দ্বারা ভূমি উন্নয়নপূর্বক ব্যবহার উপযোগী করে সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনা করে উক্ত ভূমির যথাযথ ব্যবহারের বিষয়ে জেলা প্রশাসকগণের সহিত নিবিড় যোগাযোগ রাখার জন্য ইতোপূর্বে মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সচিব, পাসম মহোদয় প্রদত্ত নির্দেশনাসমূহ মাঠপর্যায়ে যথাযথভাবে প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ সূত্রস্থ স্মারকের পত্রসমূহ।

২৪-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট।

ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.৩০/১(৫)

তারিখ: ১০ মাঘ ১৪২৯
২৪ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

২) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৫) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ঢাকা (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৪-১-২০২৩
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপণ সংক্রান্ত নির্দেশনাবলী।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহের অফিস প্রাঙ্গন, চলমান উন্নয়ন প্রকল্পসমূহ ছাড়াও স্ব-স্ব অধিক্ষেত্রের বাঁধ ও অন্য ফাঁকা জায়গাগুলোতে আরও অধিক সংখ্যক বনজ, ফলজ ও ভেষজ গাছ রোপণ করতে হবে। গাছ রোপণের পরিকল্পনা প্রণয়ন ও রোপিত গাছের সঠিক পরিচর্যার জন্য নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে:

(১) ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে ২০ (বিশ) লক্ষ গাছের চারা রোপনের লক্ষ্যে পানি উন্নয়ন বোর্ডের ০৯টি জোন, বিভাগ ও জেলাভিত্তিক বৃক্ষরোপণের টাইম বাউন্ড কর্মপরিকল্পনা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(২) দেশের ভূ-প্রকৃতির অবস্থা, পরিবেশ-প্রতিবেশ এর বৈশিষ্ট অনুযায়ী বৃক্ষরোপণ করতে হবে। এক্ষেত্রে, পাখিদের আহার ও বাসস্থানের উপযোগিতা, ছায়াদানকারি ক্যানোপি সৃষ্টি, লবণাক্ত পানিতে সহিষ্ণুতা, হাওর অঞ্চলের উপযোগিতা ইত্যাদি বিষয়সমূহ লক্ষ্য রাখতে হবে;

(৩) গাছের চারা সংগ্রহের ক্ষেত্রে লক্ষ্য রাখতে হবে যাতে চারার উচ্চতা কমপক্ষে ৪-৬ ফুট হয় এবং তা রোগ জীবাণুমুক্ত ও পরিপুষ্ট হয়;

(৪) চারা রোপণের ক্ষেত্রে একটি চারা থেকে আরেকটি চারার দূরত্ব গাছের ক্যানোপি (পাতার বিস্তার) অনুযায়ী নির্ধারণ করা;

(৫) মন্ত্রণালয়ের কর্মকর্তাদের মধ্য হতে দায়িত্বপ্রাপ্ত জেলার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ ও অধীনস্থ সংস্থাসমূহের এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৩১ জুলাই ২০২২ তারিখের মধ্যে নির্ধারিত জেলাসমূহ পরিদর্শন করে বৃক্ষরোপণ কাজ তদারকি করবেন এবং পরিদর্শন শেষে এ দপ্তরে প্রতিবেদন দাখিল করবেন। এ বিষয়ে উপসচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

(৬) পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের জেলা/উপজেলা ভিত্তিক পরিদর্শনের ক্ষেত্রে জেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির সদস্য, বাংলাদেশ স্কাউটস এর সদস্য, স্থানীয় সংসদ সদস্যসহ জনপ্রতিনিধিবৃন্দ, মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, স্থানীয় বীর মুক্তিযোদ্ধা, সংবাদ মাধ্যমের সদস্যদের সঙ্গে নিয়ে কর্মসূচিটি বাস্তবায়ন করতে হবে;

(৭) বাপাউবো ও অন্যান্য সংস্থাসমূহের কর্মকর্তাদের জেলাভিত্তিক পরিদর্শনের জন্য দায়িত্ব প্রদান করতে হবে;

(৮) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত বৃক্ষরোপণের লক্ষ্যমাত্রা অর্জন এবং যথাযথ প্রমাণক প্রদান করতে হবে। এ বিষয়ে প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো সমন্বয় সাধন করবে।

২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৬-২০২২
আব্দুল্লাহ্ আল আরিফ
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৬৭৭৮
ইমেইল: dev1mowr@gmail.com

বিতরণ :
১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫) মহাপরিচালক, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৬) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৭) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট।
৮) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪/১(১৩)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৪ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, গ্রীণ রোড, ঢাকা।
২) যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, জেলা পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি।
৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) প্রধান প্রকৌশলী (পুর) (অতিরিক্ত দায়িত্ব), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) প্রধান প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭) প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৮) নির্বাহী প্রকৌশলী (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৯) সকল কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১১) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৩) অফিস কপি।

১৪-৬-২০২২

আব্দুল্লাহ্ আল আরিফ

উপসচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
Bangladesh Water Development Board

প্রধান প্রকৌশলীর দপ্তর
ডিজাইন, পানি ভবন, লেভেল-৩,
ব্লক-'বি', গ্রীন রোড, বাপাউবো, ঢাকা।
ফোন ঃ ০২২২২২৩০৩০০
ই-মেইলঃce.design.wdb@gmail.com

Office of the Chief Engineer,
Design, Pani Bhaban,Level-3,
Block-'B', Green Road,
BWDB,Dhaka.
Telephone: 02222230300
E-mail: ce.design.wdb@gmail.com

স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ

# "সার্কুলার"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের অধীনে ইতোমধ্যে ১৬,৪৪৩ কি.মি. বাঁধ নির্মান করা হয়েছে এবং কোনো কোনো প্রকল্পের আওতায় নতুন বাঁধ নির্মাণ চলমান আছে। সমাপ্ত বিভিন্ন প্রকল্পের আওতায় বিভিন্ন সময়ে ক্ষতিগ্রস্থ বাঁধ মেরামত করা হয়ে থাকে। এছাড়া বন্যা কালীন সময়ে জরুরী কাজ হিসাবে ব্রীচ ক্লোজিং ও ঝুঁকিপূর্ণ বাঁধ মেরামত করা হয়। বর্ণিত বাঁধ সমূহের স্থায়ীত্ব বৃদ্ধি ও বৃক্ষরোপণ কর্মসূচীকে জোরদার করার লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবেঃ

১। বাপাউবো এর বনায়ন নীতিমালা এর সাথে সমন্বয় রেখে বিদ্যমান বা নুতন বাঁধের টো বরাবর বনজ ও ফলজ বড় বৃক্ষ ছাড়াও সৌন্দর্যবর্ধন গাছ হিসাবে পলাশ, কৃষ্ণচূড়া, শিমুল ইত্যাদি গাছ রোপণ করতে হবে।

২। বাঁধ এর উভয় স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে ভেটিভার, নেপিয়ার, হোগলা, ছন ও অন্যান্য মাটি ক্ষয়রোধকারী ঘাস লাগাতে হবে।

৩। বাঁধের এলাইনমেন্টর বাইরে বে তৈরী করে প্রয়োজন অনুযায়ী ছায়া প্রদানকারী বৃক্ষ যেমন বটবৃক্ষ ইত্যাদি গাছ রোপণ করা যেতে পারে।

৪। বৃক্ষরোপণ কর্মসূচী এর অংশ হিসাবে বাঁধের টো বরাবর অন্যান্য বড় গাছ রোপণের পাশাপাশি ১ কি.মি হতে ২ কি.মি পরপর পাখি খায় এমন ফল প্রদানকারী কয়েকটি বৃক্ষরোপণ করা যেতে পারে।

৫। ড্রেজিংকৃত বালি/পলি দ্বারা ভরাটকৃত স্থান/প্লাটফর্ম এ উপযোগিতা অনুযায়ী বৃক্ষরোপণ করতে হবে এবং এর চারদিকের স্লোপ উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে নেপিয়ার, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস দ্বারা সংরক্ষণ করতে হবে।

৬। ছোট নদী, খাল খননকৃত মাটি দ্বারা ভরাটকৃত জায়গা বা প্লাটফর্ম এর চারদিকে স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে নেপিয়ার, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস লাগাতে হবে এবং উক্ত জায়গায় বৃক্ষরোপণ করতে হবে।

৭। খননকৃত ছোট নদী/খাল এর তীরে উপযোগিতা অনুযায়ী নারিকেল, তাল, সুপারি, খেজুর ইত্যাদি জাতের গাছ রোপণ করতে হবে। এছাড়াও স্থানের উপযোগিতা অনুযায়ী পাখি খায় এমন ফল প্রদানকারী বৃক্ষ, বনজ, ফলজ ও সৌন্দর্যবর্ধনকারী গাছ রোপন করতে হবে।

৮। হাওর এলাকার ডুবন্ত বাঁধের উভয় স্লোপে হিজল, করচসহ অন্যান্য উপযোগি গাছ রোপণ করতে হবে। বজ্রপাত হতে রক্ষার জন্য বাঁধ এবং অন্যান্য উঁচু জায়গায় তাল গাছ রোপন করতে হবে। বাঁধ এর স্লোপে প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে ভেটিভার, নেপিয়ার ছাড়াও উপযোগিতা অনুযায়ী অন্যান্য ঘাস লাগাতে হবে।

৯। উপকূলীয় অঞ্চলের জন্য বাঁধের স্লোপে লবন সহিষ্ণু ঘাস ছাড়াও উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে নেপিয়ার, ভেটিভার ও অন্যান্য ঘাস লাগাতে হবে। উপকূলীয় বাঁধের সমুদ্রের দিকে অথবা নদীর দিকে ম্যানগ্রোভ বৃক্ষ ছাড়াও অন্যান্য উপযোগি বৃক্ষ রোপণ করতে হবে।

১০। উপরে বর্ণিত স্থান সমূহ ছাড়াও বাপাউবো এর অধীনে অধিগ্রহণকৃত বিভিন্ন অব্যবহৃত জমি, রেগুলেটর এর নিকটবর্তী স্থান, কলোনী ইত্যাদি স্থানে সৌন্দর্যবর্ধন বৃক্ষ সহ অন্যান্য বৃক্ষরোপণ করতে হবে।

মহাপরিচালক মহোদয় এর অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

২৮.০২.২০২২

(মোঃ এনায়েত উল্লাহ)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,............................বাপাউবো,................................।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ................................বাপাউবো,................................।
৩। সি এস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ~~সেল~~, ~~চীফ মনিটরিং এর দপ্তর~~ পরিদপ্তর বাপাউবো, ঢাকা (সার্কুলার টি বাপাউবো ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। নির্বাহী প্রকৌশলী, ....................................................বাপাউবো,....................................।
৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৭। অফিস কপি।

২৮/০২/২২

(মানস কুমার সাহা)
উপ-পরিচালক (প্রশাসন)
প্রধান প্রকৌশলীর দপ্তর, ডিজাইন
বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ২২৭ ❖ তারিখঃ ১/৩/২২
প্রোগ্রামার ১/২ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
অফিস সহকারী ❖ নথিতে রাখুন
০১/০৩/২০২২ ❖ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রঃ আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
**Bangladesh Water Development Board**

প্রধান প্রকৌশলীর দপ্তর
ডিজাইন
পানি ভবন, লেভেল-৩, ব্লক-'বি'
গ্রীন রোড, বাপাউবো, ঢাকা-১২০৫।
টেলিফোন : +৮৮ ০২ ২২২২৩০৩০০

Office of The Chief Engineer
Design
Pani Bhaban, Level-3, Block-'B'
Green Road, BWDB, Dhaka-1205.
Telephone: +88 02 222230300
E-mail: ce.design.wdb@gmail.com

স্মারক নং-৪২১-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ

## "সার্কুলার"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের আওতায় ড্রেজিং কাজ বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়াও ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় নদী, খাল ও জলাশয় খনন কাজ চলমান আছে। বর্ণিত ড্রেজড আর্থ দ্বারা নদীর নিকটবর্তী নিচু এলাকায় ভূমি উন্নয়ন ছাড়াও নিকটবর্তী চর উন্নয়ন কাজ চলমান রয়েছে। ড্রেজড আর্থ এবং নদী, খাল ও জলাশয় পুনঃখননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত স্থান/বাঁধ/রাস্তা এর টেকসই অবস্থা (Sustainability) নিশ্চিত করার জন্য নিম্ন বর্ণিত পদক্ষেপ গ্রহণ করতে হবেঃ

১। নদী ড্রেজিং পরবর্তী ড্রেজড আর্থ দ্বারা পার্শ্ববর্তী/নিকটবর্তী উন্নয়নকৃত ভূমির চারিদিকের স্লোপে বালি ভর্তি জিও ব্যাগ এর আবরণ দিতে হবে। বালি ভর্তি জিও ব্যাগ এর উপরে অবস্থা ভেদে ০.৩ মিটার হতে ১.০০ মিটার পুরুত্বের এঁটেল মাটির আবরণ (Clay Blanket) দিতে হবে এবং এঁটেল মাটির আবরণ এর উপর ঘাসের ক্লোজ টার্ফিং করতে হবে। ড্রেজড আর্থ দ্বারা পার্শ্ববর্তী/নিকটবর্তী উন্নয়নকৃত চরের ক্ষেত্রেও একই পদ্ধতি প্রযোজ্য হবে। ড্রেজড আর্থ ফিলিং এর উচ্চতা কম হলে, প্রযোজ্য ক্ষেত্রে বালি ভর্তি জিও ব্যাগ ব্যবহার না করে শুধুমাত্র Clay Blanket ও ঘাসের ক্লোজ টার্ফিং করা যেতে পারে।

২। ছোট নদী, খাল ও জলাশয় খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি/প্লাটফর্ম এর চারিদিকের স্লোপ, উন্নয়নকৃত বাঁধ/রাস্তা এর ২ (দুই) দিকের স্লোপে, খাল বা নদী বরাবর খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত উঁচু জায়গার চারিদিকের স্লোপে ঘাসের ক্লোজ টার্ফিং করতে হবে।

৩। ড্রেজড আর্থ/খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি/প্লাটফর্ম এবং খাল বা নদী বরাবর উন্নয়নকৃত উঁচু জায়গায় পরিকল্পিতভাবে বৃক্ষ রোপণ করতে হবে।

৪। ড্রেজড আর্থ / খননকৃত মাটি দ্বারা উন্নয়নকৃত ভূমি / প্লাটফর্ম এবং খাল বা নদী বরাবর উন্নয়নকৃত উঁচু জায়গার চারিদিকের স্লোপে উপযোগিতা অনুযায়ী প্রচলিত ঘাসের টার্ফিং এর বাইরে নেপিয়ার, ভেটিভার, হোগলা, ছন বা অন্যান্য ঘাস লাগানো যেতে পারে।

৫। প্রতিটি চলমান প্রকল্প এবং নতুন প্রকল্পের আওতায় উপরোক্ত ব্যবস্থাপনার বিষয় অন্তর্ভুক্ত করতে হবে।

মহাপরিচালক মহোদয় এর অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

07.07.2022

(মোঃ এনায়েত উল্লাহ)
প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন
বাপাউবো, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং-৪২১-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ০৭/০৭/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,............................বাপাউবো,.............................।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক, ................................বাপাউবো,.............................।

৩। সি এস ও টু, মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (সার্কুলার টি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। পিএস টু সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। নির্বাহী প্রকৌশলী, ..................................................বাপাউবো,..................................।

৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

৮। অফিস কপি।

07.07.2022

(মোঃ এনায়েত উল্লাহ)
প্রধান প্রকৌশলী (পুর), ডিজাইন
বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৪৮

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৯
০১ আগস্ট ২০২২

বিষয়: **পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা অর্জন এবং রোপিত বৃক্ষের যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা প্রসঙ্গে।**

সূত্র: ১) পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-১ শাখা এর স্মারক নং-৪২.০০.০০০০.০৩৪.৯৯.০০৫.১৮.১৯৪, তারিখঃ ১৪.০৬.২০২২ খ্রিঃ।
২) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১২৮, তারিখঃ ২৯.০৬.২০২২ খ্রিঃ।
৩) অত্র দপ্তর স্মারক নং-৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৩৬, তারিখঃ ০৬.০৭.২০২২ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, চলমান বর্ষা মৌসুমে পানি সম্পদ মন্ত্রণালয় হতে বাপাউবো'তে ২০.০০ লক্ষ বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে বাপাউবো'র মাঠপর্যায়ের দপ্তরসমূহে বৃক্ষরোপন কার্যক্রম শুরু করা হয়েছে এবং বৃক্ষরোপন কার্যক্রম চলমান রয়েছে। সূত্রস্থ ১নং স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয় হতে বৃক্ষরোপন কার্যক্রম বাস্তবায়ন এবং রোপিত বৃক্ষের পরিচর্যার বিষয়ে ০৮ (আট)টি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। মাঠপর্যায়ে চলমান বৃক্ষরোপন কার্যক্রম সুষ্ঠুভাবে যথাসময়ে সম্পাদন এবং রোপিত বৃক্ষের পরিচর্যা নিশ্চিত না করা গেলে রোপিত বৃক্ষসমূহ মারা যাওয়ার সম্ভাবনা রয়েছে। রোপিত বৃক্ষসমূহ নষ্ট হয়ে গেলে বৃক্ষরোপনের মূল উদ্দেশ্য অর্জিত হবে না বিধায় এ বিষয়ে সতর্কতা অবলম্বন করা জরুরী।

এমতাবস্থায়, চলমান বর্ষা মৌসুমে বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা অর্জন এবং রোপিত বৃক্ষের পরিচর্যার বিষয়টি নিশ্চিতকরণের জন্য আপনার অধিনস্থ মাঠপর্যায়ের দপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

এখানে উল্লেখ্য যে, নিয়মিতভাবে মাঠদপ্তর হতে রোপিত বৃক্ষের অগ্রগতির প্রতিবেদন সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তরে প্রেরণ করে অত্র দপ্তরকে অবহিতকরণের জন্যও অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (সূত্রস্থ স্মারকের পত্রসমূহ)।

১-৮-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬০

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **চলমান বর্ষা মৌসুমে বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা অর্জনে বৃক্ষরোপন কার্যক্রম ত্বরান্বিতকরণসহ যথাসময়ে বৃক্ষরোপন কার্যক্রম সম্পন্ন করা প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলমান বর্ষা মৌসুমে বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা পূরণে বাপাউবো'র মাঠপর্যায়ের দপ্তরসমূহে বৃক্ষরোপন কার্যক্রম শুরু করা হয়েছে এবং বৃক্ষরোপন কার্যক্রম চলমান রয়েছে। আপনার জোনের আওতায় যে সকল এডিপিভূক্ত প্রকল্পে বৃক্ষরোপন খাতে অর্থের সংস্থান রয়েছে সে সকল ক্ষেত্র ব্যতিত অন্যান্য পওর/পানি উন্নয়ন বিভাগে বৃক্ষরোনে কার্যক্রম বাস্তবায়নের জন্য চলমান অর্থবছরে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খাত হতে ইতোমধ্যে বোর্ড হতে অর্থ বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায়, আপনার জোনে চলমান বর্ষা মৌসুমে নির্দ্ধারিত সময়ের মধ্যে বৃক্ষরোপনের লক্ষ্যমাত্রা অর্জন এবং রোপিত বৃক্ষের পরিচর্যার বিষয়টি নিশ্চিতকরণের জন্য আপনার জোনের অধিনস্থ মাঠপর্যায়ের দপ্তরসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

৬-৯-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
২) প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো,
ঢাকা।
৩) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, খুলনা।
৪) প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো,
নারায়নগঞ্জ।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬০/১(৬)

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পওর পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬-৯-২০২২

মোঃ রফিকুল ইসলাম চৌবে

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬৬ তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা বাঁধের পার্শ্বের খাস জমি/ অধিগ্রহণকৃত অব্যবহৃত খাস জমির উন্নয়ন করে ব্যবহার উপযোগী করা প্রসঙ্গে।**

সূত্র: প্রশাসন-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং-৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৫২৫, তারিখঃ ০৮.০৯.২০২২খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে সারাদেশব্যাপি বিভিন্ন নদ-নদীতে ড্রেজিং/পুনঃখনন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত ড্রেজড ম্যাটেরিয়াল দ্বারা বিভিন্ন জেলায় ভূমি পুনরুদ্ধার কার্যক্রম বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সূত্রস্থ স্মারকে পানি সম্পদ মন্ত্রণালয়ের আগস্ট,২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাওয়া গিয়াছে। উক্ত কার্যবিবরণীর ক্রমিক নং-১৫ (খ) এ "পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ীবাঁধের অধিগ্রহণকৃত/খাস জমিতে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (ড্রেজড ম্যাটেরিয়াল) দ্বারা ভূমি উন্নয়ন করে নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের আলোকে আপনার জোনে/চলমান প্রকল্প এলাকায় বেড়ীবাঁধের অধিগ্রহণকৃত/খাস জমিতে গৃহহীনদের ঘর নির্মাণের লক্ষ্যে খননকৃত মাটি (ড্রেজড ম্যাটেরিয়াল) দ্বারা ভূমি উন্নয়নপূর্বক ব্যবহার উপযোগী করে সংশ্লিষ্ট জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটির সাথে আলোচনা করে উক্ত ভূমির ব্যবহারের বিষয়ে জেলা প্রশাসকগণের সহিত নিবিড় যোগাযোগ রাখবেন এবং উন্নয়নকৃত ভূমিতে গৃহহীনদের ঘর নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।
সংযুক্তিঃ কার্যবিবরণী।

২১-৯-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল: ce.monitoring@bwdb.gov.bd

বিতরণ :
১) প্রধান প্রকৌশলী, বাপাউবো, রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট
২) প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.৭৮.০০১.১৭.১৬৬/১(৬)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (পত্রটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২১-৯-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)